রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১১, ১৯৯৬

**৮ম খন্ড—বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।**

বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই এপ্রিল ১৯৯৬ ইং/৪ঠা বৈশাখ ১৪০৩ বাং

এস, আর, ও, নং ৫২-আইন/৯৬—Technical Education Act, 1967 (E.P. Act No. 1 of 1967) এর section 40(2) এর clause (e) এ প্রদত্ত ক্ষমতাবলে Bangladesh Technical Education Board, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই প্রবিধানমালা বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) "কারিগরী শিক্ষা" অর্থ Technical Education Act, 1967 (E.P. Act No. 1 of 1967) এর section 2 এর clause (d) তে উল্লিখিত Technical Education;

(২) "প্রতিষ্ঠান" অর্থ বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান;



মূল্যঃ টাকা ২.০০

(৩) "বোর্ড" অর্থ Technical Education Act, 1967 (E.P. Act No. 1 of 1967) এর section 3 এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Technical Education Board;

(৪) "স্বীকৃতি" অর্থ বোর্ড কর্তৃক

(ক) কোন প্রতিষ্ঠানকে কারিগরী শিক্ষা প্রদানের নিমিত্ত অনুমতি; অথবা

(খ) দেশের সাধারণ শিক্ষা ব্যবস্থায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে কারিগরী শিক্ষা কার্যক্রম সংযোজনের ক্ষেত্রে অনুমতি।

৩। স্বীকৃতির আবেদন।—(১) কোন বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের প্রক্রিয়া শুরু করার পর উহার স্বীকৃতি প্রদানের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন পত্র মোতাবেক বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড বরাবরে আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত কোন আবেদনের পরিপ্রেক্ষিতে বোর্ড কোন বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনকল্পে কারিগরী শিক্ষা প্রদানের নিমিত্ত অনুমতি প্রদান করিতে পারিবে এবং ঐরূপে অনুমতি প্রদান পত্রে বোর্ড যে কোন শর্ত বা শর্তসমূহ আরোপ করিতে পারিবে।

৪। কারিগরী শিক্ষা কার্যক্রম সংযোজনের অনুমতি।—(১) দেশের সাধারণ শিক্ষা ব্যবস্থায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরী শিক্ষা কার্যক্রম সংযোজনের নিমিত্ত বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড বরাবরে আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত কোন আবেদনের পরিপ্রেক্ষিতে বোর্ড কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরী শিক্ষা কার্যক্রম সংযোজনের নিমিত্ত অনুমতি প্রদান করিতে পারিবে এবং ঐরূপ অনুমতি প্রদান পত্রে বোর্ড যে কোন শর্ত বা শর্তসমূহ আরোপ করিতে পারিবে।

৫। স্বীকৃতির নবায়ন।—(১) প্রবিধান ৩ এবং ৪ এ উল্লিখিত অনুমতি বোর্ড কর্তৃক স্থিরীকৃত মেয়াদের জন্য হইবে এবং উক্ত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করিতে হইবে।

৬। স্বীকৃতির পূর্ব শর্ত।—(১) প্রবিধান ৩ এ উল্লিখিত আবেদনপত্রের পরিপ্রেক্ষিতে কোন বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য বোর্ড অনুমতি প্রদান করিবে না, যদি না প্রতিষ্ঠানের

(ক) জমির পরিমাণ,

(খ) চাকুরী প্রবিধানমালায় নির্ধারিত যোগ্যতাসম্পন্ন শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা,

(গ) ছাত্র-ছাত্রী সংখ্যা,

(ঘ) একইরূপ অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে দূরত্বের সীমা,

(ঙ) ন্যূনতম ভৌত অবকাঠামো ও সুবিধাদি,

(চ) তহবিল গঠন ও পরিচালনা,

(ছ) পাঠ্যক্রম ও পরীক্ষা, এবং

(জ) সহ পাঠক্রমিক কার্যক্রম

সম্পর্কে বোর্ড কর্তৃক আরোপিত শর্তসমূহ পূরণ করা হয়।

(২) কোন প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীর প্রকৃতি ও সংখ্যা সরকারের অনুমোদন সাপেক্ষে বোর্ড কর্তৃক স্থিরীকৃত হইবে।

৭। নূতন শিফট বা শাখা।—(১) কোন প্রতিষ্ঠানে বোর্ডের অনুমতি সাপেক্ষে একাধিক শাখা খোলা যাইবে এবং নূতন শিফট চালু করা যাইবে।

(২) বোর্ড উপ-প্রবিধান (১) এ উল্লিখিত কোন অনুমতি প্রদান করিবে না, যদি না শাখা খোলা এবং শিফট চালুকরণ সম্পর্কে তৎকর্তৃক আরোপিত কোন শর্ত বা শর্তসমূহ পূরণ হইয়া থাকে।

৮। ব্যক্তি বা সংস্থার নামে প্রতিষ্ঠানের নামকরণ।—কোন ব্যক্তি বা সংস্থার নামে প্রতিষ্ঠানের নামকরণের উদ্দেশ্যে সরকার নীতিমালা প্রণয়ন করিতে পারিবে এবং তাহা অনুসরণপূর্বক কোন প্রতিষ্ঠানের নাম ব্যক্তি বা সংস্থার নামে রাখা যাইবে বা পরিবর্তন করা যাইবে।

৯। **স্বীকৃতি নবায়ন এর জন্য আবেদনের নিষ্পত্তি।**—(১) স্বীকৃতি নবায়নের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সংগে সকল আনুষ্ঠানিকতা পূরণের প্রামাণ্য কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

(২) আবেদনপত্র প্রাপ্তির পরবর্তী ৪ (চার) মাসের মধ্যে বোর্ড আবেদনপত্রটি পরীক্ষা ও নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং আবেদনপত্র নিষ্পত্তিতে বিলম্বের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান দায়ী থাকিবে না।

(৩) কোন কারণে স্বীকৃতি নবায়ন করা না হইলে উপযুক্ত কারণ দর্শাইয়া বোর্ডের নিকট পুনরায় আবেদন করা যাইবে এবং সেইক্ষেত্রে বোর্ড অনুরূপ পদ্ধতিতে আবেদনটি পুনর্বিবেচনা করিতে পারিবে।

১০। **স্বীকৃতি বাতিলকরণ।**—(১) নিম্নবর্ণিত যে কোন কারণে কোন শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল করা যাইবে, যথাঃ—

(ক) শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানকালে বা স্বীকৃতি প্রদানকালে আরোপিত যে কোন শর্ত পূরণে অক্ষম হইলে; অথবা

(খ) সরকার বা বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা জারীকৃত বিধান বা নীতি লংঘন করিলে।

(২) কোন প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিলের পূর্বে প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক ত্রিশ দিনের কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত নোটিশ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রতিষ্ঠান কারণ দর্শাইয়া নোটিশের জবাব প্রদান করিবে এবং জবাবটি প্রাপ্তির পর উহা গ্রহণযোগ্য না হইলে, বোর্ড স্বীকৃতি বাতিল করিতে পারিবে।

(৪) স্বীকৃতি বাতিল করা হইলে কোন প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ অন্য কোন স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠান হইতে বোর্ডের অনুমোদনক্রমে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

১১। **হেফাজত**।—এই প্রবিধানমালা বলবৎ হইবার অব্যবহিত পূর্বে কোন প্রতিষ্ঠান স্বীকৃতি প্রাপ্ত হইলে,

(ক) তাহা বহাল থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, বোর্ড কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে এই প্রবিধান-মালার অধীনে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণ না করিলে বোর্ড উক্ত স্বীকৃতি বাতিল করিতে পারিবে; এবং

(খ) স্বীকৃতি প্রাপ্তির তারিখ হইতে স্বীকৃতির মেয়াদ ও পর্যায় গণনা করা হইবে।

বোর্ডের আদেশক্রমে,

আবদুর রফিক
চেয়ারম্যান।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।